ALL INDIA RADIO

REGIONAL NEWS UNIT – SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

18 NOVEMBER 2024 7:35 AM IST

================================================================

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ গতকাল নতুনদিল্লীতে মণিপুরের নিরাপত্তা পরিস্থিতির জন্য এক বৈঠকে পর্যালোচনা করেছেন। আজ এ বিষয়ে তিনি উচ্চ পর্যায়ের আধিকারিকদের সঙ্গে বিস্তারিত আলোচনা করবেন। স্বরাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে যে মণিপুরে শান্তি শৃঙ্খলা ফিরিয়ে আনতে নিরাপত্তা বাহিনীকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার নির্দেশ দেওয়া হয়েছে। স্বরাষ্ট্র মন্ত্রণালয় এক বিবৃতিতে বলেছে যে মণিপুরের সংঘাতে লিপ্ত হওয়া দুটি সম্প্রদায়ের অস্ত্রধারী দুষ্কৃতকারী জড়িত রয়েছে। ইতিমধ্যে গুরুত্বপূর্ণ মামলাগুলি কার্যকর তদন্তের জন্য জাতীয় অনুসন্ধান সংস্থাকে দায়িত্ব অর্পন করেছে।

উল্লেখ্য দুটি সম্প্রদায়ের মধ্যে সংঘাতের ফলস্বরূপ সম্প্রতি মণিপুরে শান্তি শৃঙ্খলা পরিস্থিতির অবনতি হয়েছে।একাংশ প্রতিবাদকারী গত শনিবার রাজ্যের দুজন মন্ত্রী এবং তিনজন বিধায়কের বাড়ীতে আক্রমণ করার পর ইম্ফালে সান্ধ্য আইন জারী করা সহ চারটি জেলায় ইন্টারনেট সেবা কর্তন করা হয়েছে।

মণিপুরের এন বীরেন সিং নেতৃত্বাধীন সরকার থেকে এন পি পি সমর্থন প্রত্যাহার করেছে । এন পি পি জাতীয় সভাপতি কনরাড সাংমা বিজেপির জাতীয় সভাপতি জে পি নাড্ডাকে তাঁদের এই সিদ্ধান্তের বিষয়ে অবগত করান । উল্লেখ্য বর্তমান মণিপুর বিধানসভায় থাকা এন পি পির সাতজন বিধায়ক বিজেপি নেতৃত্বাধীন সরকারকে সমর্থন জানিয়েছিলো । মণিপুর বিধানসভায় বিজেপির বিজেপির ৩২ জন বিধায়ক রয়েছেন এবং এন বীরেন সিং নেতৃত্বাধীন সরকারকে এন পি এফ ,জে ডি ইউ এবং কিছু নির্দল প্রার্থীর সমর্থন রয়েছে । কনরাড কে সাংমা বিজেপির জাতীয় সভাপতিকে লেখা পত্রে উল্লেখ করেছেন যে রাজ্যের শান্তি শৃঙ্খলা পরিস্থিতি বজায় রাখা এবং জনসাধারণকে নিরাপত্তা প্রদানের ক্ষেত্রে রাজ্যসরকার সম্পূর্ণভাবে অসফল হবার জন্য তাঁদের সমর্থন প্রত্যাহার করেছেন ।

---

বাংলাদেশের সঙ্গে ভারতের স্থিতিশীল, ইতিবাচক এবং গঠনমূলক সম্পর্ক বজায় রাখার জন্য কাজ অব্যাহত রয়েছে বলে স্পষ্টিকরণ দেওয়া হয়েছে । গতকাল ঢাকায় অনুষ্ঠিত বঙ্গপো সাগরীয় বার্তালাপে অংশ গ্রহণ করে ঢাকায় অবস্থিত ভারতীয় উচ্চায়ুক্ত প্রণয় বার্মা বলেন যে ভারত বাংলাদেশের সঙ্গে শান্তি, নিরাপত্তা, প্রগতি এবং সমৃদ্ধির দীর্ঘস্থায়ী সহযোগিতা স্থাপনে বিশ্বাসী । তিনি বলেন যে ভারতের বিদ্যুৎ গ্রিডের মাধ্যমে নেপাল থেকে বাংলাদেশে ৪০ মেগাওয়াট বিদ্যুৎ পরিবহণের পরিকাঠামো গড়ে তুলা হয়েছে এবং পেট্রোপল-বেনাপল সংহত তল্লাসী চৌকির অধীনে সহায়তা প্রদানের বিষয়টি চলতি মাসের মধ্যেই আরো বৃদ্ধি করা হবে । তিনি উভয় দেশের নাগরিকদের মধ্যে থাকা মৈত্রী এবং সহযোগিতার বন্ধন অধিক শক্তিশালী করার ওপর গুরুত্ব আরোপ করেন ।

আয়ুষ্মান বৃদ্ধ বন্দনা কার্ড প্রবর্তনের ৩ সপ্তাহের মধ্যে ১০ লক্ষের অধিক প্রবীন নাগরিক এই কার্ডের জন্য নাম নথিভুক্ত করেছেন । কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রনালয়ের প্রকাশিত তথ্য অনুসারে আয়ুষ্মান বন্দনা বৃদ্ধ কার্ডের জন্য নাম নথিভুক্ত করা ব্যাক্তিদের মধ্যে প্রায় ৪ লক্ষ মহিলা রয়েছেন । এর ফলে ১ হাজার ৪শো জন মহিলা সহ ৭০ এবং এর উর্দ্ধের ৪ হাজার ৮শো জনের অধিক প্রবীন নাগরিক উপকৃত হবেন । এই কার্ডের মাধ্যমে প্রধানমন্ত্রী আয়ুষ্মান ভারত মিশনের অধীনে বিনামূল্যে স্বাস্থ্য সেবা প্রদান করা হবে ।

---

উত্তরপূর্ব সীমান্ত রেল মাদক পাচারকারীদের দ্বারা রেলের ব্যবহার প্রতিরোধ করতে নিয়মিত অভিযান চালিয়ে আসছে ।উত্তরপূর্ব সীমান্ত রেলের রেল সুরক্ষা বাহিনী ( আর পি এফ ) গত পয়লা নভেম্বর থেকে ১৫ ই নভেম্বর পর্যন্ত নিয়মিত তল্লাশি অভিযান চালিয়ে তিন ব্যক্তিকে আটক করেছে এবং তাদের কাছ থেকে ১১ লক্ষ ১৪ হাজার টাকারও বেশী মূল্যের নিষিদ্ধ সামগ্রী উদ্ধার করেছে ।আর পি এফ গত অক্টোবর মাসে অনুরূপ অভিযান চালিয়ে ১ কোটি ৪২ লক্ষ টাকারও বেশী নিষিদ্ধ মাদক দ্রব্য উদ্ধার করার পাশাপাশি ২৮ জন লোককে আটক করেছিল । রেল যাত্রার সময় কোনধরণের সমস্যার সম্মুখীন হলে রেলযাত্রীরা ১৩৯ টোল ফ্রি নম্বরে ফোন করতে পারবেন বলে সীমান্ত রেলের পক্ষ থেকে জানানো হয়েছে ।

---

করিমগঞ্জ ই-রিক্সা সংস্থার সদস্যরা গতকাল শহরের রাহুল দাস ও অর্জু সিং নামের দুজন ব্যাটারী চোরকে আটক করে পুলিশের কাছে সমঝে দিয়েছে । উল্লেখ্য গত কয়েকদিন ধরে করিমগঞ্জ শহরে ঘন ঘন ই--রিক্সা ব্যাটারী চুরির ঘটনা সামনে এসেছে । ই-রিক্সা এসোসিয়েশনের সদস্যরা জানান যে এধরণের চুরির ঘটনা সম্পর্কে করিমগঞ্জ সদর থানায় অবগত করলেও পুলিশ কোনো পদক্ষেপ গ্রহণ করেনি ।

---

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে দ্বিতীয় পর্যায়ের খাজনা আদায়ের শিবির গত শনিবার থেকে শুরু হয়েছে । হাইলাকান্দির তহশিলদার এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে আজ , আগামীকাল এবং পরশু মাটিজুরি-পাইকান জি পি কার্যালয়ে পূর্বকিত্তারবন্দ জিপি কার্যালয়ে ,দক্ষিণ হাইলাকান্দি ডেভেলাপমেন্ট ব্লক কার্যালয় এবং কালিনগর জি পি কার্যালয়ে খাজনা আদায় শিবিরের আয়োজন করা হয়েছে । এছাড়া পরবর্তী শিবিরগুলি ২১ , ২২ ,২৫ এবং ২৬ নভেম্বর শিরিশপুর জি পি কার্যালয়ে ,আয়মাকাল জি পি কার্যালয়ে ,জামিরা জি পি কার্যালয়ে এবং পাঁচগ্রাম জি পি কার্যালয়ে অনুষ্ঠিত হবে । পাট্টাদারদের তাদের নিকটবর্তী খাজনা আদায় শিবিরে  নিজেদের জমির খাজনা জমা দিতে হাইলাকান্দি জেলা প্রশাসন থেকে আহ্বান জানানো হয়েছে ।

---

xxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxx